



পৌরনীতি শিক্ষাবিষয়ক কথামালা

ইতালির নাগরিক হওয়া



ভূমিকা

- নিদর্শ ১ - ইতালির সংক্ষিপ্ত ইতিহাস
- নিদর্শ ২ - ইতালির আইন
- নিদর্শ ৩ - জনসংখ্যাভিত্তিক বিবরণ
- নিদর্শ ৪ - কেন্দ্রীয় পরিসম্পদ অভিগ্রহণ
- নিদর্শ ৫ - আঞ্চলিক শাসনতান্ত্রিক পরিসম্পদ অভিগ্রহণ
- নিদর্শ ৬ - পরিবার
- নিদর্শ ৭ - কর্ম

নিদর্শ ৮ - বয়স্কদের শিক্ষা ও গঠনমূলক প্রতিষ্ঠানিক কার্যকারিতা

নিদর্শ ৯ - স্বাস্থ্যবিষয়ক কার্যক্রম

নিদর্শ ১০ - বৈধ দলিলপত্র

নিদর্শ ১১ - বসতি, স্হাবর সম্পত্তি ভাড়া

নিদর্শ ১২ - সামাজিক নিরাপত্তা কার্যক্রম

নিদর্শ ১৩ - রাজস্বসংক্রান্ত কার্যক্রম

নিদর্শ ১৪ - একত্রিকরণ ও দীর্ঘ অবস্হানের অনুমতি

নিদর্শ ১৫ - নাগরিকতা



নিদর্শ ১

ইতালির সংক্ষিপ্ত ইতিহাস

ইতালির সংক্ষিপ্ত ইতিহাস

প্রাচীনকালে রোম ছিল রোমান সম্রাজ্যের রাজধানী যা ইংল্যান্ড হইতে মিশর, পর্তুগাল হইতে মেসোপটেমিয়া (বর্তমান ইরাক) ।




রোমান সাম্রাজ্যের ভাষা ছিল ল্যাটিন। ল্যাটিন হইতে বর্তমান রোমান্টিক ভাষাগুলোর উৎপত্তি: ইতালিয়ান, স্পেনিশ, ফ্রান্স, পর্তুগিজ ও রুমানিয়ান।

১৩০০ খৃষ্টাব্দ ইতালিয়ান ভাষার স্বর্ণযুগ এবং এই সময় তিনজন বিশিষ্ট লেখকের আবির্ভাব হয়: দান্তে, পেত্রারকা ও বোকাচ্চ।

দান্তে আলেগিয়েরি, ডিভাইন কমেডি(Divina Commedia) বইয়ের লেখক এবং তার এই লেখার জন্য তিনি ইতালিয়ান ভাষার পিতা হিসাবে পরিচিত।



১৮৬১ খৃষ্টাব্দ পর্যন্ত ইতালি বিভিন্ন রাষ্ট্রে বিভক্ত ছিল এবং এদের কিছু বিদেশি রাষ্ট্র দ্বারা পরিচালিত ছিল (অস্ট্রিয়া, স্পেন, ফ্রান্স) ।

 ১৮৬১: ইতালিয়ান রাষ্ট্রের জন্ম কিন্তু তখনও খৃষ্ট মন্ডলির দ্বারা পরিচালিত ছিল।

রোম
পোপ



🚩 ১৮৭০: রোম ইতালিয়ান রাষ্ট্রের অংশিদার হয় এবং রাজধানী হিসাবে পরিচিত হয়।

🚩 ১৮৬১ - ১৯২২: ইতালি জনপ্রতিনিধিত্বশীল রাজতান্ত্রিক দেশ।


প্রথম রাজা ছিলেন ভিক্টরিও ইম্মানোয়েল II (Vittorio Emanuele II) তিনি সাভোয়েআর পরিবারের।




 ১৯২২ - ১৯৪৩: ইতালি একনায়কতান্ত্রিক দেশ ছিল: ফাসিজম।

এই সময় ইতালিয়ানদের ব্যক্তি স্বাধীনতা, পত্রিকা মুদ্রন ও সমাবেশের স্বাধীনতা ছিল না।



 দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইতালি গণতান্ত্রিক দেশে পরিণত হয়। সর্বজনীন ভোটাধিকার লাভ: প্রতিটি নারী ও পুরুষ ভোট দেবার অধিকার লাভ করে।

 ১৯৪৬: ইতালিও জনগণ রেফারেন্ডমের (referendum) মাধ্যমে রাজতন্ত্রের বিলুপ ঘটায় এবং ইতালি প্রজাতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়।



Prof. VINCENZO CARULLO
DELL'UNIVERSITÀ DI TRIESTE
LA COSTITUZIONE
DELLA
REPUBBLICA ITALIANA
ILLUSTRATA

নিদর্শ ২ ইতালির শাসনতন্ত্র

EDITORE

ইতালির শাসনতন্ত্র

১৯৪৭ সালে ইহা অনুমোদন লাভ করে এবং রাষ্ট্রের মৌলিক শাসনতন্ত্র হিসাবে বিবেচিত হয়।

ইতালির আইনবিভাগ অবশ্যই শাসনতন্ত্রের বিধিবিধানসমূহকে সম্মানের চোখে দেখে।



শাসনতন্ত্র ১৩৯ অনুচ্ছেদে গঠিত এবং দুই উপসায় বিভক্ত:

- প্রথম অংশ রাষ্ট্রের মৌলিকবিধানসমূহ ও নাগরিকদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে ব্যাখ্যা করে।
- দ্বিতীয় অংশ প্রজাতন্ত্রের কর্তৃত্ব ও শাসন অর্থাৎ রাষ্ট্রের কাঠামোগত ও তার প্রতিষ্ঠানিক ও সাংগঠনিক কার্যসমূহ বর্ণনা করে।

প্রতিষ্ঠানিক সংগঠনসমূহ চেম্বার ও সেনেট
প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট, সরকার এবং
ম্যাজিস্ট্রেট।



অনুচ্ছেদ -১ ইতালি হইতেছে গণতান্ত্রিক প্রজাতন্ত্র যা শ্রমে বিশ্বাসী।

অনুচ্ছেদ -২ প্রজাতন্ত্র প্রতিটি মানুষের অলংঘনীয় অধিকারের স্বাকৃতি ও রক্ষার প্রতিশ্রুতি দান করে; হউক সে ব্যক্তি বিশেষ অথবা সামাজিক গঠনমূলক কাজে (...)

অনুচ্ছেদ - ৩ জাতিধর্ম, বর্ণ, রাজনৈতিক মতামত ও মানবীয় সামাজিক অবস্থান নির্বিশেষে প্রতিটি লোক আইনের চোখে সমান।

অনুচ্ছেদ - ৮ প্রতিটি ধর্ম আইনের চোখে সমান।

অনুচ্ছেদ

১০

- যদি কোন বিদেশী তার নিজের দেশে গণতান্ত্রিক স্বাধীনতা অনুশীলন হইতে বঞ্চিত হয়; ইতালির প্রজাতন্ত্র তার অবস্থার মূল্যায়ন করিয়া তার দেশে রাজনৈতিক আশ্রয়ের অঙ্গীকার প্রদান করে।

অনুচ্ছেদ- ১১ ইতালি যে কোন ধরনের যুদ্ধকে অন্যান্য জাতির স্বাধীনতায় আঘাত ও আন্তর্জাতিক শান্তির পরিপন্থি হিসাবে গন্য করে।

অনুচ্ছেদ-১৩ ব্যক্তি স্বাধীনতা অলংঘনীয়। যে কোন ধরনের নিষেধাজ্ঞা ব্যক্তি স্বাধীনতায় অস্বীকৃত; যদি না তা বিচার বিষয়ক কতর্পক্ষের সিদ্ধান্ত এবং আইনের আওতাধীন না হয়।

অনুচ্ছেদ ১৫ যে কোন ধরনের যোগাযোগ ও লিখিত মাধ্যমের স্বাধীনতা ও গোপনীয়তা অলংঘনীয়।

অনুচ্ছেদ ১৭ সকল নাগরিকদের শান্তিপূর্ণ সমাবেশ করার অধিকার আছে।

অনুচ্ছেদ ২১ প্রতিটি নাগরিকের শান্তিপূর্ণ ভাবে সমাবেশের মাধ্যমে তার মতামত প্রকাশের অধিকার আছে।

প্রস (পত্র-পত্রিকার মুদ্রন) কর্তৃপক্ষ ও সেগরের (নিষেধাজ্ঞা) বহিভুক্ত।

অনুচ্ছেদ ৩৮ শারিরিক ভাবে কর্মক্ষমতায় অক্ষম ও প্রয়োজনীয় পদ্ধতির মাধ্যমে জীবনধারণ ব্যক্তির সামাজিক সাহায্য ও ভরনপোষনের অধিকার আছে।

অনুচ্ছেদ ৪৮ যারা পূর্ণবয়স্ক তাদের প্রত্যেকে ভোটাধার হওয়ার অধিকার আছে।

অনুচ্ছেদ ৫১ প্রতিটি নাগরিক নারী পুরুষ নির্বিশেষে সরকারি কর্মশিবিরে প্রবেশ ও নির্বাচনি দায়িত্বে কর্মক্ষম হওয়ার অধিকার আছে।

নাগরিক অধিকার

- সমাবেশ, সংগঠন, বিবেক ও ধর্ম এবং ব্যক্তি স্বাধীনতা;
- আইনের চোখে সমযোগ্যতা;
- বিবেকের সম্ভাবনীয়তা;
- অর্থোক্তিকভাবে সম্পত্তি হইতে বঞ্চিত না হওয়ার মানবিক অধিকার;
- নাগরিকত্বের অধিকার।



রাজনৈতিক অধিকার

নাগরিকদের রাষ্ট্রের সরকারী কর্মক্ষমতায় অংশগ্রহণের আপেক্ষিকতা :

- *প্রত্যক্ষ (diretti)*: রেফারেন্ডমের অধিসংস্থা ও আদালত প্রদত্ত আনুষ্ঠানিক আবেদনপত্রের মাধ্যমে।
- *পরোক্ষ (indiretti)*: প্রতিনিধিত্বশীল নির্বাচনের মাধ্যমে।



সামাজিক অধিকার

- বিভিন্ন অসুস্থতা, বার্ধক্য, বেকারত্বে ইত্যাদি সামাজিক নিরাপত্তা প্রতিষ্ঠানসমূহের প্রতি মানবিক অধিকার;
- স্বাস্থ্য অধিকার;
- শিক্ষা (ট্রেনিং) অধিকার;
- কর্ম অধিকার ইত্যাদি।



নিদর্শ ও
জনসংখ্যা বিষয়ক অনুচ্ছেদ

জনসংখ্যা বিষয়ক অনুচ্ছেদ

২০১১ সালে জানুয়ারি মাসে মোট জনসংখ্যা: ৬০,৬০০,০০০
যার মধ্যে বহিরাগতদের সংখ্যা : ৫,০০০,০০০

মোট পুরুষ: ৪৮,৫%
মোট নারী: ৫১,৫%

নারী-পুরুষের সামাজিক অবস্থান

সম্পর্কিত অনুচ্ছেদ:


বিবাহিত: ২৯,৮৯০,০০০

বিবাহ বিচ্ছেদ: ১,১৮৫,০০০

বিপত্তিক: ৪,৫৫০,০০০



ইতালির বসবাসকারী বিদেশীদের তত্ত্ব





গণতন্ত্র

ইতালি গনতান্ত্রিক প্রজাতন্ত্র রাষ্ট্র।
সরকার গঠন সম্পর্কিত দুইটি প্রধান বৈশিষ্ট্য:



- জনগনের সার্বভৌম ক্ষমতা
- স্বাধীনতা ও সমতার মৌলিক নিতিসমূহের অনুসরণ।



রাষ্ট্রের ক্ষমতা

রাষ্ট্রের ক্ষমতা তিনভাবে বিভক্ত:

আইনগত
ক্ষমতা

নির্বাহী
ক্ষমতা

বিচার বিভাগীয়
ক্ষমতা

প্রতিটি ক্ষমতা বিভাগ একে অপর হইতে আলাদা এবং শাসনতান্ত্রিক ক্ষমতার সীমবদ্ধতার কতৃৎ স্বায়ত্বশাসিক।

আইনগত ক্ষমতা

- সমগ্র আইন প্রণয়ন করে থাকে
- পার্লামেন্ট তা কার্যকারী করে থাকে

পার্লামেন্ট রাষ্ট্রের আইন সমূহ সংবর্ধিত ও অনুমোদন করে থাকে।

ইহা দুই অঙ্গে বিভক্ত:

- প্রতিনিধিত্বশীল চেম্বার
- সেনেট (সংখ্যাগরিষ্ঠসভার সদস্য)

প্রতি ৫ বছর অন্তর নির্বাচন।



নির্বাচী ক্ষমতা

- ইহা আইনকে কার্যকারী করে থাকে।
- ইহা সরকারের কাছে ন্যস্ত।

রাষ্ট্রীয় সরকার পাল্লামেন্টের সিদ্ধান্তকে বাস্তবায়িত করে।

ইহার গঠন পদ্ধতি :

- উপদেষ্টা পরিষদের সভাপতি (সরকার প্রধান) যিনি মন্ত্রীদের নিয়োগ সমন্বয় বিধান করে থাকেন।
- মন্ত্রিবর্গ, প্রত্যেকে তার নিজস্ব বিভাগে দায়িত্ব পালন করে থাকেন।

উদাহরনস্বরূপ: শ্রম মন্ত্রী, আভ্যন্তরিন মন্ত্রী, বৈদেশিক বিষয়ক মন্ত্রী ইত্যাদি।

বিচার বিভাগীয় ক্ষমতা

- ইহা এমন ক্ষমতা যা আইনকে সম্মান করে, অপরাধীকে শাস্তি দেয়, দুষ্টির দমন এবং ব্যক্তিবর্গের মধ্যে যৌক্তিকতা প্রতিষ্ঠা করে।
- ইহা বিচারকের কাছে ন্যস্ত (ম্যাজিস্ট্রেট)।

বিচারকমন্ডলী আইনসমূহ পরীক্ষা নিরীক্ষা ও বিচারকার্য সম্পন্ন করে থাকে।

উচ্চপর্যায়ের ম্যাজিস্ট্রেট সম্পর্কিত বিচার বিভাগ হইতেছে সায়ত্বশাসিত ম্যাজিসত্রাতুরা (C.S.M) যা রাষ্ট্রের অন্যান্য দুই বিভাগ হইতে সম্পূর্ণ আলাদা।



পার্লামেন্ট, সরকার ও ম্যাজিসত্রাতুরা ছাড়াও আরো অন্যান্য অঙ্গ প্রতিষ্ঠানসমূহ রয়েছে যা খুবই গুরুত্বপূর্ণ:

প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট

- শাসনতন্ত্রের নিশ্চয়তাদানকারী
- অন্যান্য রাষ্ট্রের সাথে সম্পর্কের ক্ষেত্রে রাষ্ট্রের প্রতিনিধিত্বশীল দায়িত্ব।
- প্রতি ৭ বছর অন্তর নির্বাচিত প্রতিনিধি



বর্তমান প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট হইতেছে জর্জ নাপোলিতানো।

শাসনতান্ত্রিক আদালত

- সিদ্ধান্ত গ্রহন, আবেদনের প্রেক্ষিতে যদি কোন আইন শাসনতন্ত্রকে সম্মান করে।
- যদি আইন শাসনতন্ত্রকে সম্মান না করে, শাসনতন্ত্র বিষয়ক আদালত সেইসমস্ত আইনকে বিলুপ্ত করতে পারে।



প্রশাসন বিভাগ

এই বিভাগ সমস্ত প্রশাসনিক ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত:

- এই বিভাগের কার্যালয়সমূহ সর্বত্র বিস্তৃত।
- মন্ত্রিবর্গ
- আভ্যন্তরিন ব্যবস্থাপনা ও কার্যক্রম রক্ষার্থে পুলিশ বাহিনী।



সেনাবাহিনী

সেনাবাহিনীর নিয়োগ বহিঃবিশ্বের আক্রমণ হইতে দেশকে রক্ষা করা।
তারা যুদ্ধ সংক্রান্ত অস্ত্রাদি ব্যবহারে অংশগ্রহণ করে থাকেন:

- *ইতালীয় স্থলবাহিনী*
- *নৌবাহিনী*
- *বিমান বাহিনী*
- *কারাবিনিয়োরির বাহিনী*



সর্বসাধারণের নিরাপত্তা

বিভিন্ন কার্যক্রমে নিযুক্ত ব্যক্তিবর্গ ও বিভিন্ন অংগ প্রতিষ্ঠান নাগরিকদের নিরাপত্তা রক্ষার্থে নিযুক্ত।

প্রতি প্রদেশে নিযুক্ত:

• প্রদেশ
প্রশাসনিক
কর্মকর্তা



আঞ্চলিক সরকারী প্রতিনিধি যার সমস্ত কর্মকাণ্ড প্রয়োজন সাপেক্ষে তড়িৎ গতিতে সম্পন্ন হয়ে থাকে।

(prefetto)

• উচ্চতম
কর্মকর্তা

পুলিশ →

যিনি তার প্রদেশে সমগ্র পুলিশ বাহিনীর সমন্বয় সাধন করেন।


(questore)

বাহিনীর কর্মক্ষম সংখ্যা:
১১২ কারাবিনিয়েরি ১১৩ পুলিশ

নিদর্শ ৫

আঞ্চলিক প্রশাসনিক বিষয়ক পরিসম্পদ

সংগঠনমূলক কার্যক্রমের অন্তর্ভুক্ত



এলাকা

এলাকাভিত্তিক পরিসীমার সংখ্যা ২০।


এদের কার্যক্রম হইতেছে: স্বাস্থ্য বিষয়ক, যোগাযোগের নেটওয়ার্ক, পানি, বিদ্যুৎ, শ্রম, গঠনমূলক পেশাগত কার্যক্রম। এমনকি এদের আইন প্রণয়ন করার ক্ষমতা আছে। প্রতি ৫ বছর অন্তর একবার নির্বাচন। প্রতি প্রদেশে একজন প্রেসিডেন্ট ও উপদেষ্টা বিষয়ক পরিষদ আছে।



Regione Puglia



Regione Lombardia



REGIONE
PIEMONTE



REGIONE CAMPANIA

প্রদেশ

প্রদেশসমূহের সংখ্যা ১১০। কিন্তু পূর্বপরিচ্ছেদে পরিসংখ্যানে ৫১। এদের কার্যক্রম হইতেছে: দ্বিতীয় গ্রেড পর্যন্ত শিক্ষাব্যবস্থা, পরিবেশ, রাস্তাবিষয়ক কর্মসূচী, নাগরিক তত্ত্বাবধান ও বিদ্যুৎ-গ্যাসের অপচয় রোধ।

প্রতি ৫ বছর অন্তর নির্বাচন।

প্রতি প্রদেশে একজন প্রেসিডেন্ট ও উপদেষ্টা বিষয়ক পরিষদ আছে।



মিউনিসিপাল করপোরেশন

মিউনিসিপাল করপোরেশনের সংখ্যা ৮,০৯২।

এদের কার্যক্রম হইতেছে: সমাজকল্যাণমূলক, বাচ্চাদের স্কুল, মাতৃতান্ত্রিক স্কুল, গৃহ নির্মাণ প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে পড়াশুনা করার অধিকার, জন্ম, মৃত্যু ও বিবাহ রেজিস্ট্রিকরন, কবরস্থান, সুশৃংখলভাবে গৃহ নির্মা, যানবাহন, লাইসেন্স, ব্যবসাবানিজ্য, সাংস্কৃতি এবং নৈর্বাচনিক কর্মকাণ্ড। প্রতি ৫ বছর অন্তরনির্বাচন অনুষ্ঠিত হয়।

প্রতি মিউনিসিপাল করপোরেশনে একজন মেয়র ও উপদেষ্টা পরিষদ আছে।

সকল অঙ্গ প্রতিষ্ঠান (আঞ্চলিক গভর্নর, প্রাদেশিক প্রেসিডেন্ট, মেয়র, আঞ্চলিক, প্রাদেশিক ও মিউনিসিপাল করপোরেশন)। এদের সকলে নাগরিক দ্বারা নির্বাচিত।



দেশের সরকার প্রধান প্রতি প্রদেশের জন্য নিরাপত্তার কাজে দায়িত্বশীল একজন প্রধান প্রশাসনিক কর্মকর্তা মনোনয়ন করেন যার কর্মক্ষমতায় সমস্ত কিছু অনতিবিলম্বে সম্পাদিত হয়।

এলাকাভিত্তিক পরিসীমার মানচিত্র

ইতালিতে বিশটি (২০) এলাকাভিত্তিক পরিসীমা আছে।

প্রতিটি এলাকাভিত্তিক পরিসীমার একটা শহর আছে যা অত্র এলাকার কেন্দ্রস্থল।

উদাহরণস্বরূপ: তোরিনো হইতিছে পিয়েমোনতের কেন্দ্রিয় শহর।

প্রতিটি এলাকাভিত্তিক পরিসীমা উপবিভাগে বিভক্ত।

উদাহরণস্বরূপ: এলাকাভিত্তিক পরিসীমা কামপানীয়া ৫টি প্রদেশে উপবিভক্ত: আভেলিনো, বেনেভেনতো, কাছেরতা, নাপলি ও সালেরনো।





লাতছিয় এলাকা



অধিবাসী: ৫,৭৭৫,০০০
এদের মধ্যে বিদেশীদের সংখ্যা:
৬১৫,০০০

লোমবারদিয়া ও কামপানিয়ার পর লাতছিয় হইতেছে জনসংখ্যার দিক দিয়ে তৃতীয় বৃহত্তম এলাকা।



লাতছিয় প্রশাসনিক দিক দিয়ে ৫টি প্রদেশে বিভক্ত :


-  **Frosinone** (৯১
মিউনিসিপালিটি)
-  **Latina** (৩৩
মিউনিসিপালিটি)

-  **Rieti** (৭৩
মিউনিসিপালিটি)
-  **Roma** (১২১
মিউনিসিপালিটি)
-  **Viterbo** (৬০
মিউনিসিপালিটি)

লাতছিয় এলাকার UE (ইউরোপিয়ান ইউনিয়ন) ভুক্ত দেশসমূহের জনগোষ্ঠি



লাতছিয় এলাকায় **Extra UE** (ইউরোপিয় ইউনিয়নের বহির্ভূত) বৃহত্তর জনগোষ্ঠি:



রোম শহর

অধিবাসির সংখ্যা: ২,৭৪৩,৭৯৬
বিদেশীদের সংখ্যা: ২,৯৪,০০০

এই মিউনিসিপাল করপোরেশনে বিদেশীদের সংখ্যা সবচেয়ে বেশী এবং তা মিলানের পর।

ইহা ইতালির রাজধানী। এখানে প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট, রাষ্ট্রের প্রশাসক ও পার্লামেন্টের অবস্থান।

এখানে ভাটিকান রাষ্ট্রের কেন্দ্র।




রোম শহরের মিউনিসিপাল করপোরেশনসমূহ

রোমের নগরকেন্দ্রিক এলাকা ১৫টি মিউনিসিপাল করপোরেশনে বিভক্ত।

প্রতি মিউনিসিপাল করপোরেশনে একজন প্রেসিডেন্ট ও একটা কমিটি আছে(৪-৬ প্রশাসনিক উপদেষ্টা)

প্রতি ৫ বছর অন্তর মিউনিসিপাল করপোরেশনের উপদেষ্টা পরিষদের সাথে এর নির্বাচন হয়।



মিউনিসিপাল করপোরেশনসমূহ নিম্নলিখিত কার্যসমূহ সম্পাদন করে থাকেন:

- জনসংখ্যা বিষয়ক কার্যক্রম
- সমাজের সেবামূলক কার্যসূচী
- স্কুল ও অন্যান্য শিক্ষাবিষয়ক কার্যক্রম
- সাংস্কৃতিক, খেলাধূলা ও সৃজনমূলক কার্যক্রম
- নগরভিত্তিক রক্ষনাবেক্ষন কর্মসূচী, উত্তরাধিকারবিষয়ক সাংস্কৃতিক কর্মকাণ্ড ও প্রাসাদনির্মাণে সুশৃংখলতা।
- হস্তশিল্প ও ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে আর্থিক উন্নতির লক্ষে বিভিন্ন পদক্ষেপ গ্রহন।
- নগরকেন্দ্রিক পুলিশ বাহিনীর পরিচালনায় কর্মসূচী।



নিদর্শ ৬
পরিবার

পরিবার বলতে কি বুঝায় ?

ইতালির শাসনতন্ত্রে পরিবার হইতেছে একটা নৈসর্গিক সমাজ যার ভিত্তি **বিবাহ বন্ধনের** উপর স্থাপিত।


এমনকি অন্তরঙ্গসূত্রে মিলিত সন্তানহীন দুইজন নারী পুরুষের জীবন যাপনে একটা পরিবার গঠিত হইতে পারে।



বিবাহ বন্ধনের বহির্ভূত ইতালিতে এমন অনেক পরিবার আছে যারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয় নি।

এই ধরনের একত্রে জীবন-যাপনকে বলা হয় :

- নারী-পুরুষের হৃদয়ঘটিত (এবং যৌন) সম্পর্ক: যদি তাদের সন্তান না থাকে;
- পরিবার হৃদয়ঘটিত (এবং যৌন): যদি সন্তান থাকে।



স্বামী ও স্ত্রীর অধিকার

- একত্রে বসবাস: বিশ্বস্ততা, পারস্পরিক সাহায্য সহযোগিতা ইত্যাদি
- বসতবাটি: একত্রে বসবাসের অধিকার (স্বামী বা স্ত্রী যে কোন একজন বসতবাটি হইতে বিতাড়িত হইতে পারে না।

অসুস্থতার ক্ষেত্রে

হসপাতালে যে কোন একজন অসুস্থ থাকিলে সাহায্য ও সেবা করার অধিকার, সিদ্ধান্ত গ্রহন ও খবরাদি বিনিময়ে অধিকার ইত্যাদি।

মৃত্যুর ক্ষেত্রে

পেনসন, চাকুরির ক্ষেত্রে জমাকৃত টাকার হিসাব (TFR), বাড়ী ভাড়া, উত্তরাধিকারসূত্রে প্রাপ্য সম্পত্তির অধিকার ইত্যাদি।

বিচ্ছেদের ক্ষেত্রে

ক্ষতিপূরন প্রদান ও সামাজিক নিবাপত্তামূলক আর্থিক অনুদানের দাবীদারের আইনগত অধিকার (আদালতের বিচারক গৃহিত সিদ্ধান্ত)।

বর্তমানে বিবাহিত স্বামী-স্ত্রীর ক্ষেত্রে যে সমস্ত আইনগত অধিকার আছে তা একত্রে বসবাস করার নারী-পুরুষের ক্ষেত্রেও সমানভাবে বিবেচিত নয়।

সন্তানদের ক্ষেত্রে সমান অধিকার বিদ্যমান।
এমনকি পিতা মাতাদের তাদের সন্তানদের প্রতি সমান দায়িত্ব রয়েছে।

স্বামী-স্ত্রীর বিচ্ছেদের ক্ষেত্রে সন্তানাদির প্রতি আইনগত অধিকার ও কর্তব্য আদালতের বিচারক দ্বারা গৃহিত হয়।

বিবাহ

বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার মাধ্যমে স্বামী-স্ত্রী পরস্পরের প্রতি **কর্তব্য ও অধিকার দাবীদার হয়।**

উদাহরণস্বরূপ: স্বামী-স্ত্রী উভয়কেএ তাদের কর্মের (পেশাগত অথবা গৃহিনী) দ্বারা উপার্জিত অর্থসমূহ পরিবারের প্রয়োজনীয় খরচে সমানভাবে ব্যয় করিতে এবং সন্তানদেরকে লেখাপড়া শিখানো ও বিশ্বস্ত করিয়া তুলিতে হইবে।

স্বামী-স্ত্রী উভয় তাদের অধিকার বলে আলাদাভাবে বসবাস অথবা বিবাহ-বিচ্ছেদের দাবী করিতে পারে।

ইতালিতে বিবাহ অনুষ্ঠান উভয়ের পছন্দে অনুষ্ঠিত হয়:

- ধর্মীয় আচার-অনুষ্ঠানের মাধ্যমে;
- গৃহিত নাগরিক আচার অনুষ্ঠানের মাধ্যমে।

সম্পত্তির যৌথিকরণ অথবা আলাদা করণের সিদ্ধান্ত তারা নিতে পারে।



সম্পত্তির যৌথিকরণ: বিবাহের পর বার্ষিক আয় ও অর্জিত সমস্ত সম্পত্তি স্বয়ংক্রিয়ভাবে উভয়ের বলে পরিগণিত হয়।
সম্পত্তির পৃথকিকরণ: বিবাহের সময় স্বামী-স্ত্রীর প্রত্যেকে অর্জিত সম্পত্তির অনন্য মালিকানাধীন স্বত্তা লাভ করে।

ইতালিতে বিবাহ করা

ইতালিতে যিনি বিবাহ করেন, যদিও সে বিদেশী, তাকে বিবাহ আইন অনুসরণ করিতে হয়।

- ⇒ দুইজন বিদেশীর মধ্যে বিবাহ: বিবাহ তখনই সম্ভব যদি তাদের একজনের উপস্থিতি ইতালিয় ভূমিতে নিয়মানুবর্তী হয়।
- ⇒ একজন ইতালিয় নাগরিক ও একজন বিদেশী নাগরিকের মধ্যে বিবাহ: বিদেশী নাগরিকের এই দেশে অবস্থানের সনদপত্র (Permesso di Soggiorno) না থাকলেও তিনি তার বৈধ পাসপোর্টের পরিচয়ে বিবাহ কার্য সম্পন্ন করিতে পারে।
- ⇒ যদি দুইজন বিদেশী নাগরিক পরস্পর বিবাহ বন্ধনে আবদ্ধ হইতে চায় এবং তাদের এই দেশে অবস্থানের কোন সনদপত্র নেই তাহলে তাদের বিবাহ কার্য এই দেশে অবস্থিত তাদের নিজের দেশের দূতাবাস অথবা কনসুলেটে সম্পন্ন হইতে পারে।



একজন বিদেশী নাগরিকের তার নিজ পরিবারকে এই দেশে আনার ব্যাপারে **সনদপত্র (Permesso di Soggiorno)** পাওয়ার অধিকার আছে, যদিও সে বিবাহের পূর্বে এই দেশে অবৈধভাবে বসবাস করিত।

বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া দ্বারা ইতালিয় নাগরিকত্ব স্বয়ংক্রিয়ভাবে অর্জন করা যায় না।

নাগরিকত্ব লাভের উপায়সমূহ:

- ১) বিবাহিত জীবনের ২ বছর পূর্ণ হইতে হবে।
- ২) বিদেশী নাগরিককে অবশ্যই কমপক্ষে ইতালিতে ২ বছরের অবস্থানের মেয়াদ হইতে হইবে (যদি বিবাহের এক বছর পর সন্তানাদি জন্মগ্রহণ করে)।



সন্তানাদি: গর্ভবস্থা

বহিরাগত সমস্ত নারীগণ যারা **গর্ভাবস্থায়** অছেন তাদের ডাক্তারের সাথে সাক্ষাৎ ও চিকিৎসা বিষয়ক সমস্ত পরীক্ষা-নিরীক্ষা (একোগ্রাফিয়া ও রক্তের পরীক্ষা ইত্যাদি) বিনামূল্যে পাওয়ার অধিকার আছে। হাসপাতালে অথবা সরকারী পারিবারিক ডাক্তারের চিকিৎসা ব্যবস্থা আছে।



সমস্ত বৈধ ও অবৈধ নারীদের চিকিৎসামূলক বিষয়াদি গৃহিত ও হাসপাতালে ভর্তি হইবার অধিকার আছে বিশেষ করে তাদের সন্তান প্রসবের সময় এবং পরে।

অবস্থান বিষয়ক সনদপত্র (**permesso di soggiorno**): অবস্থান বিষয়ক সনদপত্র প্রয়োজন নেই। এবং যদিও আপনারা অবৈধ তবুও আপনাদের পরিত্যাগ করা হইবে না।

সন্তানাদি: জন্মগ্রহন

নবজাত শিশুর জন্ম তালিকাভুক্তকরণ বাধ্যতামূলক।

- হাসপাতালে: জন্মের পর ৩ দিনের মধ্যে
- মিউনিসিপাল করপোরেশন: জন্মের পর ১০ দিনের মধ্যে
- পিতা মাতার একজনের দ্বারা (যদি পরস্পর বিবাহিত হয়)
- পিতা মাতার উভয়ের দ্বারা (যদি পরস্পর বিবাহিত না হয়)

বজাত শিশুর জন্ম শুধুমাত্র একজন ধাত্রী (অচতেট্রিকা ডাক্তার) অথবা যিনি সহযোগিতা করিয়াছেন শুধুমাত্র তিনিই এর রিপোর্ট পেশ করিতে পারেন।

স্কুল: শিশুদের স্কুলে (Asilo Nido) ৪ মাস বয়স থেকে বাচ্চাদের গ্রহন করা হয়। এইসব স্কুলে শিক্ষা ও রক্ষণাবেক্ষণের খরচ বিভিন্ন রকম এবং তা নির্ভর করে পরিবারের আর্থিক অবস্থার উপর (ISEE পরিবারের বার্ষিক মোট আয়)।

টীকা: বাচ্চাদের টীকা দান করা দান করা হয় বিনামূল্যে এবং বাধ্যতামূলক। প্রথম টীকা দান ৩ মাস বয়সে দেওয়া হয়।



ইতালীতে টীকাদান পদ্ধতি বাধ্যতামূলক এবং তা ডিপথেরিয়া, টিটেনাম, ভাইরাসজনিত সংক্রামক ব্যাধি হাইপাটেটিম বি(B) রোগব্যধির বিরুদ্ধে দেওয়া হয়।

निदर्श ९
कर्म

কর্ম

প্রতিটি নাগরিকের তার নিজস্ব যোগ্যতা অনুযায়ী কাজ করার অধিকার আছে।

এইসব ব্যবস্থাপনা ও পরিসরে প্রজাতন্ত্র অঙ্গীকার করিয়া থাকে:

- সমানুপাতিক ও যথেষ্ট পরিমাণ অনুদান প্রদান
- সাপ্তাহিক ও বাৎসরিক ছুটি
- পুরুষ ও নারী শ্রম জীবীদের মধ্যে সমতা



- নারী শ্রমজীবীদের জন্য প্রসূতি হাসপাতালের তত্ত্বাবধান
- শারিরিকভাবে অক্ষম, বয়স্ক ও কর্মস্থলে দুর্ঘটনার শিকার শ্রমজীবীদের জন্য সাহায্য।

১৯৭০ সালের সংবিধানিক আইন অনুযায়ী প্রতিটি শ্রমিক তার মৌলিক অধিকার লাভ করে। শ্রমিক ও কর্মচারীদের অধিকার ও দায়িত্ব সমূহ জাতীয় যৌথ শ্রমচুক্তি দ্বারা পরিচালিত। প্রতিটি স্বয়ংসম্পূর্ণ রীতিতে অন্তর্গত বিভাগ বিশেষ চুক্তিতে আবদ্ধ। এইসব চুক্তিসমূহ একটা নির্দিষ্ট সময় অনুযায়ী নবায়িত এবং শিল্পোদ্যোগী এ্যাসোসিয়েশনসমূহ ও ট্রেডইউনিয়ন সংগঠনসমূহ দ্বারা স্বাক্ষরিত হইয়া থাকে।



শ্রম তিন ভাগে বিভক্ত:

- অধীনস্থ শ্রম
- প্রকল্পবিষয়ক শ্রম
- স্বায়িত্বশাসিত শ্রম



শ্রম

অধীনস্থ শ্রম

চুক্তির ধরণ

- নির্দিষ্ট সময়কালীন (নির্দিষ্ট একটা সময় পর্যন্ত করা হয়)
- অনির্দিষ্ট সময়কালীন (যে চুক্তি অনির্দিষ্টকাল পর্যন্ত বহাল থাকে)

কাজের সময়

- পূর্ণ সময়
- আংশিক সময়

উদাহরণস্বরূপ: কর্মজীবী, বিভিন্ন কাজ ও শ্রমে নিযুক্ত ও শিক্ষকসমূহ, ব্যাংক কেরাণী, শ্রমিক, নার্স ইত্যাদি।



শ্রম

প্রকল্পবিষয়ক

চুক্তির ধরণ

কোন নির্দিষ্ট সময় ছাড়া কর্ম তার গতিতে চলে (কর্মের গতি প্রকল্প বাস্তবায়িত হওয়া পর্যন্ত চলে)

কাজের সময়

নির্দিষ্ট কোন সময় নেই (প্রজেক্টের বাস্তবায়নের উপর নির্ভর করে সময়ের দীর্ঘতা)

উদাহরণস্বরূপ: যে কোন বিভাগে প্রকল্পবিষয়ক কর্মের সম্পাদন

শ্রম

স্বতন্ত্রতা

চুক্তির ধরণ

যিনি সেখানে তার শ্রম দান করেন তবে কোন কম নিয়োগকারী থাকে না এবং তার এই শ্রম তার খরিদারের জন্য

কাজের সময়

শ্রমের সময়সূচী স্বয়ং শ্রমিক দ্বারা নির্ধারিত

উদাহরণস্বরূপ:

হস্তশিল্পের কারিগর,
দোকানদার, বিভিন্ন
পেশাদারীগণ ইত্যাদি

দোকানদারগণ দোকান
খোলা ও বন্ধ করার নির্ধারিত
সময়সূচী অনুসরণ করিয়া
থাকে।

ট্রেড ইউনিয়ন

শাসনতন্ত্র ট্রেড ইউনিয়ন ভুক্ত সমস্ত শ্রমিকদের মৌলিক অধিকার নিশ্চিত ও সমষ্টিগতভাবে তাদের অধিকার ও অর্থনৈতিক সুবিধাসমূহ রক্ষার্থে অঙ্গীকার করিয়া থাকে ।

এইসব অধিকার আদায়ের জন্যে ট্রেড ইউনিয়নসমূহের প্রধান অস্ত্র হইতেছে ধর্মঘট (sciopero) অর্থাৎ কর্ম থেকে বিরত থাকা ।



ইতালির প্রধান ট্রড ইউনিয়ন সংস্থাসমূহ :



CGIL

৬,৩০০,০০০
লিখিত



CISL

৪,৫০০,০০০
লিখিত



UIL

২,২০০,০০০
লিখিত



UGL

১,১০০,০০০
লিখিত

ট্রড ইউনিয়ন প্রতিষ্ঠাসমূহ লিখিত ও অলিখিত প্রতিটি শ্রমিককে সাহায্য প্রদান করিয়া থাকে।

উদাহরণস্বরূপ: পেনশনবিষয়ক কাগজপত্র গ্রহন, সরকারি রাজস্ব, আইনগত উপদেশ, পৃষ্ঠপোষকতামূলক কার্যক্রম ইত্যাদি।

চাকুরীবিষয়ক কেন্দ্রসমূহ (C.P.I.)

সি,পি,আই (C.P.I) হইতেছে শ্রমবিষয়ক কেন্দ্রসমূহ যারা কর্ম অনুসন্ধানকারী ব্যক্তিবর্গকে কাজ পাওয়ার ব্যাপারে সাহায্য প্রদান করিয়া থাকে।

যারা বেকার ও লিখিত ভাবে কর্ম অনুসন্ধান নিয়োজিত সি,পি,আই (C.P.I) তাদেরকে কর্মের প্রাপ্যতা বিষয়ক নোটিশ ও উক্ত কর্মসমূহের সাথে পরিচিত ও গঠনবিষয়ক কার্যক্রমে সাহায্য প্রদান করিয়া থাকে।



এই বিষয়ে যোগাযোগের জন্য
ভেরদে নম্বর ৮০০-৮১৮-২৮২

যে কোন স্বতন্ত্র কাজের জন্য প্রয়োজনীয়তা :

- ১। পারতিতা ইভা (PARTITA IVA) খোলা
- ২। কোম্পানির নাম চেম্বার অফ কমার্সে রেজিস্ট্রিকরণ
- ৩। সামাজিক বীমা ও নিরাপত্তা বিষয়ক কর প্রদানের জন্য ইন্স-এ (INPS) রেজিস্ট্রিকরণ
- ৪। ইনাইল (INAIL)-এ রেজিস্ট্রিকরণ (পূর্ব পরিচ্ছেদে কোন ঘটনার জন্য)
- ৫। ময়লা-আবর্জনা নিষ্কাশন বিষয়ক কর প্রদানমূলক কর্মসূচী শুরু করার জন্য মিউনিসিপাল করপোরেশনের সাথে যোগাযোগ করা।

চেম্বার অফ কমার্সের কাউন্টার
Via Capitan Bavastro, 116 - Roma
ওয়েব-সাইট: www.rm.camcom.it/



নিদর্শ ৮
বয়স্কদের ট্রেনিং, গঠন ও
শিক্ষামূলক কর্মসূচী

ট্রেনিং কর্মসূচী

ট্রেনিং কর্মসূচী ৬ থেকে ১৬ বছর বয়স পর্যন্ত বাধ্যতামূলক।

১৪ বছর বয়স পূর্ণ হইলে এবং মাধ্যমিক স্কুল পড়াশুনা সমাপ্তির পর পেশাগত ট্রেনিং এর (৩ বছর) ব্যবস্থা আছে যা তার নিজস্ব এলাকায় অন্তর্ভুক্ত এবং তা বাধ্যতামূলক ট্রেনিং কর্মসূচীর মাধ্যমে পেশাগত যোগ্যতা সম্পন্ন করিয়া তুলে।





আসিলো নিদো (**ASILO NIDO**)-এর বয়সসীমা ০ হইতে ৩ বছর



রাষ্ট্র ও মিউনিসিপাল করপোরেশন কর্তৃক পরিচালিত শিশুদের স্কুলের বয়সসীমা ৩ হইতে ৫ বছর



প্রথমিক স্কুলসমূহের বয়সসীমা ৬ হইতে ১০ বছর; ৫ম ক্লাশ পর্যন্ত



প্রথম গ্রেডের মাধ্যমিক স্কুলসমূহের বয়সসীমা ১১ হইতে ১৪ বছর পর্যন্ত, যার অধ্যয়নের সময়সীমা ৩ বছর। উপরোক্ত স্কুলসমূহে অধ্যয়নের সমাপ্তিতে রাষ্ট্র কর্তৃক পরিচালিত পরীক্ষায় অংশগ্রহন করিতে হয়।



দ্বিতীয় গ্রেডের মাধ্যমিক স্কুলসমূহের বয়সসীমা ১৪ হইতে ১৮ বছর এবং যার অধ্যয়নের সময়সীমা ৫ম ক্লাশ পর্যন্ত।
রাষ্ট্রীয় পর্যায়ে পরিক্ষা দ্বারা সমাপ্ত হয়।

কৌতুহলতা

শিশুদের স্কুলসমূহকে সাধারণভাবে বলা হয় "মাতৃতান্তিক" ("materne") স্কুল।
প্রথমিক স্কুলসমূহকে "এলেমেস্তারি" ("elementari")।
প্রথম গ্রেডের মাধ্যমিক স্কুলসমূহকে বলা হয় "স্কুওলা মেদিয়া" ("scuola media")।
দ্বিতীয় গ্রেডের মাধ্যমিক স্কুলসমূহকে বলা হয় "স্কুওলা সুপেরিয়রে" ("scuola superiore")।



দ্বিতীয় গ্রেডের মাধ্যমিক স্কুলসমূহ বিভিন্ন বিভাগে গঠিত: লিচেও, টেকনিকাল ইনস্টিটিউট ও পেশাগত ইনস্টিটিউট।

- লিচেও অর্পিত ডিপ্লোমা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে সাহায্য করে।
- টেকনিকাল ইনস্টিটিউটের বিশ্ববিদ্যালয় ও কর্মের জগতে প্রবেশে সাহায্য করে।
- পেশাগত ইনস্টিটিউট ৩ বছর পর কর্মের ক্ষেত্রে প্রবেশে যোগ্যতাসম্পন্ন করিয়া তুলে; এবং ৫ বছর পর বিশ্ববিদ্যালয়ে ও কর্মের জগতে প্রবেশের জন্য ডিপ্লোমা প্রদান করিয়া থাকে।



উচ্চতম টেকনিক্যাল শিক্ষা

উচ্চতম টেকনিক্যাল শিক্ষা দ্বিতীয় মাধ্যমিক স্কুল শেষ করার পর সম্পন্ন করা যেতে পারে এবং ব্যক্তি বিশেষকে ব্যবহারিক শিক্ষার ক্ষেত্রে একজন বিশেষজ্ঞ করে তুলে যার পরিচয় পত্র EQF দ্বারা স্বীকৃত (Quadro Europeo delle Qualifiche)



- এইসব শিক্ষা কোর্স দুই বছর সময়কালীন এবং তা ৪ অর্ধবর্ষে সম্পন্ন করিতে হয় যার মোট ঘন্টার সময় প্রায় ২০০০ ঘন্টা।
- এইসব কোর্সে ভর্তির বিষয়সমূহ পরীক্ষা বোর্ড দ্বারা পরিচালিত।
- এইসব কেন্দ্রসমূহ বিশেষ প্রতিষ্ঠানসমূহ দ্বারা পরিচালিত যাদের তথ্যনির্দেশক টেকনিক্যাল প্রতিষ্ঠান রয়েছে।

CTP (চি,তি,পি)- পারমানেন্ট টেরিটোরিয়াল কেন্দ্রসমূহ

বয়স্ক ইতালীয় জনগোষ্ঠী ও বিদেশীদের গঠনমূলক শিক্ষার ব্যবস্থা এইসব কেন্দ্রসমূহ করে থাকে এবং সেক্ষেত্রে শিক্ষাবিষয়ক উপার্ধি লাভ ও প্রয়োজনীয় যোগ্যতা অনুসারে সমাজে ও কর্ম জগতে প্রবেশে এসব কেন্দ্রসমূহ সাহায্য করে থাকে।

কেন্দ্রগুলো ভূখন্ডের স্কুলসমূহের মধ্যে অবস্থিত, এবং সেগুলোও বয়স্ক ইমিগ্রান্টদের, পুরুষ ও মহিলাদের কর্মজীবী ও বেকার নির্বিশেষে সবাইকে; ভর্তি বিষয়ক প্রয়োজনীয় কর্মসূচী পূরণ করে ইতালীয় ভাষা শিক্ষার ব্যবস্থা করিয়া থাকে।

CTP (চি,তি,পি) শিক্ষাকেন্দ্রসমূহে যেসব কার্যসূচী সম্পাদন করা হয়:

- পৌরনীতি শিক্ষার শিক্ষাবর্ষসমূহ

- L2 পরীক্ষা

- বিনামূল্যে ইতালীয় ভাষা শিক্ষার কোর্সসমূহ লেভেল **A1 A2 B1**

B2 C1 C3 সম্পন্ন করার পর সম্ভাবনাময় পরীক্ষার মাধ্যমে

সার্টিফিকেট লাভ করা যায়

A2-এর প্রত্যয়ণপত্র (সার্টিফিকেট) CTP-এর পরিচালকের স্বাক্ষরসহ
প্রদান করা হয় যা পরীক্ষা দেওয়া হইতে অব্যাহতি দান করে।





বিশ্ববিদ্যালয়

বিশ্ববিদ্যালয় তিন সিরিজে বিভক্ত:

১। লাওরিয়া(laurea): ৩ বছর সময়কালীন

২। ম্যাজিষ্ট্রেট সম্পর্কিত বিশেষজ্ঞ
লাওরিয়া (laurea)

৩। গবেষণাবিষয়ক ডক্টরেট কোর্স,
বিশেষজ্ঞ বিষয়ক কোর্স, দ্বিতীয়
লেভেলের বিশ্ববিদ্যালয় পর্যায়ের
মাষ্টার্স কোর্স।



নিদর্শ ৯
স্বাস্থ্যবিষয়ক ব্যবস্থা

জাতীয় স্বাস্থ্যগত কার্যক্রম

প্রতিটি নাগরিককে এস,এস,এন(SSN)-এ নাম রেজিস্ট্রিট করিতে হয়।

এই রেজিস্ট্রিকরন পদ্ধতি নাগরিকদের নিম্নলিখিত অধিকার প্রদান করে:

- পারিবারিক চিকিৎসক বাছাইকরন
- হাসপাতালে রোগী পরিদর্শন বহিবিভাগ
- ফার্মেসির জন্য চিকিৎসকের ব্যবস্থাপত্র
- বিশেষজ্ঞের সাথে পরিদর্শন

উদাহরণস্বরূপ: দন্তবিশেষজ্ঞ, গাইনিবিশেষজ্ঞ, চক্ষুবিশেষজ্ঞ, শিশুরোগ বিশেষজ্ঞ ইত্যাদি।

- রোগ নির্ণয় বিশ্লেষণ
- হাসপাতাল বিষয়ক বিভিন্ন সাহায্য।



বিদেশী নাগরিকগণ তাদের নাম এস,এস,এন(SSN)-এ রেজিস্ট্রি করিতে পারেন:

- যদি বিদেশীদের বৈধ বসবাসের সনদপত্র ও নিয়মিত কাজ থাকে অথবা কোল্লোকামেন্টো (collocamento) অফিসে নাম রেজিস্ট্রি করা থাকে।

- যদি বিদেশীদের বৈধ সনদপত্র থাকে অথবা উক্ত সনদপত্র নবায়নের জন্য পেশ করা হইয়াছে অথবা রাজনৈতিক আশ্রয় আবেদন কারীগণ।



রেজিস্ট্রিকরনের জন্য প্রয়োজন:

- বৈধ বসবাসের সনদপত্র অথবা নবায়ণকরনের রসিদ।
- রেসিডেন্স সার্টিফিকেট অথবা নির্দিষ্ট বসবাসের ঠিকানা।
- স্বত্বাধিকারী কদিচে ফিস্কালের নম্বর।

যে সকল বিদেশী অবৈধভাবে ইতালিতে প্রবেশ করিয়াছে এবং সনদপত্র(**permesso di soggiorno**) নাই তাদেরও চিকিৎসা বিষয়ক কার্যক্রম পাওয়ার অধিকার আছে।

অবৈধ বিদেশীগন (যদিও তাদের বৈধ কাগজপত্র নাই) চিকিৎসা বিষয়ে এ,এস,এল(ASL) কর্তৃক প্রকাশিত কার্ড(Tesserà) এস,পি,টি(STP) লাভ করিয়া থাকেন যাতে লেখা থাকে: স্বল্পকালীন অবস্থানে বিদেশী।



এস,পি,টি (**STP**) কার্ড যেসব অধিকার প্রদান করে:

- আউট ডোর চিকিৎসা ও জরুরি বিভাগ বিষয়ক অন্যান্য সকল চিকিৎসা, এমনকি গুরুতর অসুস্থতা ও দুর্ঘটনার চিকিৎসা।

- রোগ প্রতিরোধ বিষয়ক ঔষধ (ভ্যাকসিনেশন) বিশেষকরে ছোটদের স্বাস্থ্যের প্রতি গুরুত্ব প্রদান।

- গর্ভবতী নারী ও তাদের মাতৃত্ব বিষয়ক সামাজিক রক্ষণ ব্যবস্থা।



এস,পি,টি (STP) কার্ড:

- বিদেশীদের নামহীনতা (বৈধ কাগজপত্র না থাকার কারণে) হইতে রক্ষা করে।
- ৬ মাসের জন্য বৈধ (নাবয়নযোগ্য)।
- শুধুমাত্র প্রাদেশিক ভিত্তিক এলাকায় বৈধ।
- কোড নম্বর দ্বারা সনাক্ত করা হয়।

REGIONE LAZIO
ASSESSORATO SALVAGUARDIA E CURA DELLA SALUTE

Codice Identificativo: STP120918

Data di 1° accesso: ____/____/2005

এস,পি,টি কার্ড করার জন্য কর্তৃপক্ষের নিকট কোন সুপারিশ করিতে হয় না।

পারিবারিক উপদেষ্টা

পারিবারিক উপদেষ্টাগণ হইতেছে সমাজস্বাস্থ্য বিষয়ক কাঠামো যাদের কাজ পরিবার, নারী, বিবাহিত যুগল, শিশু ও বয়স্কদের প্রয়োজনে সাড়া দেওয়া।

এদের কাজের ধরন হইতেছে প্রতিষেধকমূলক এবং বিনামূল্যে।



উপদেষ্টাদের প্রদত্ত কর্মসূচী:

- প্রজনন বিষয়ক তথ্য ও উপদেশ প্রদান।
- মুখে খাবারযোগ্য ও যান্ত্রিকভাবে ব্যবহারযোগ্য গর্ভনিরোধক ব্যবস্থাপত্র।
- যৌন-মানসিক বিষয়ক উপদেশ।
- প্রজনন বিষয়ক ঝুঁকি নিবারণ ও ঝুঁকিপূর্ণ গর্ভধারণ পরীক্ষা।

**Consultorio
familiare**

- স্বামী-স্ত্রী বন্ধ্যাত্বকরণ তথ্য।
- স্বেচ্ছায় গর্ভধারণ (I.V.G.) নিবারণ কার্যপ্রণালী; এমনকি নাবালকদের জন্য চিকিৎসক ও মনঃসামাজিক সাহায্য।
- নারীদের প্রজনন অঙ্গে টিউমার প্রতিষেধ।

উদাহরনস্বরূপ: চিকিৎসা-পরিদর্শন, পাপ (PAP) টেস্ট, স্তন পরিষ্কা

- গর্ভধারণ পরিষ্কা এবং শিশু জন্মগ্রহন প্রস্তুতি কোর্স।



প্রাথমিক চিকিৎসা

১১৮

গুরুত্বর স্বাস্থ্যগত অবস্থার কারণে ১১৮ নম্বরে মোবাইল অথবা টেলিফোন দ্বারা এ্যাম্বুলেন্স ডাকা যায়।

অল্প সময়ের মধ্যে এ্যাম্বুলেন্স উপস্থিত হয়।

স্বাধীনভাবে প্রাথমিক চিকিৎসা বিভাগে পৌঁছিয়ে হাসপাতালে জরুরী বিভাগের শরণাপন্ন হওয়া যায়।



হাসপাতালে পৌঁছানোর পর রোগীর অবস্থা অনুযায়ী রোগী কার্ডে কোড নম্বর প্রদান করা হয় যা পরিদর্শন বিভাগে প্রবেশ এবং তাকে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হয়।

- লাল কোড নম্বর: চিকিৎসা বিভাগে জরুরি প্রবেশ।
- হলুদ কোড নম্বর: ১০-১৫ মিনিটে অতিশ্বর চিকিৎসা বিভাগে প্রবেশ।
- সবুজ কোড নম্বর: বিপদমুক্ত
- সাদা কোড নম্বর: জরুরী নয়।

UNIONE EUROPEA
REPUBBLICA ITALIANA

নিদর্শ ১০ বৈধ কাগজপত্র

PASSAPORTO



বৈধ কাগজপত্র

ইতালীতে গুরুত্বপূর্ণ বৈধ কাগজপত্র সমূহ:

- কারতা দি ইদেনতিতা (C.I.)
- কদিচে ফিসকালে (C.F.)
- ড্রাইভিং লাইসেন্স (PAT.)

এছাড়াও অন্যান্য জরুরী কাগজপত্রসমূহ হইতেছে
তেসেসরা সানিতারিয়া ও পার্সপোর্ট।



পরিচয়পত্র (carta d'identità)

কারতা দি ইদেনতিতা হইতেছে এমন প্রমানপত্র যা ব্যক্তিগত পরিচয় বহন করে এবং যাতে ব্যক্তিগত তথ্য, নাগরিক পদমর্যাদা, নাগরিকত্ব, পেশা ও তথ্য রইয়াছে।



উক্ত প্রমানপত্র প্রতি ১০ বছর অন্তর নবায়ন করিতে হয় এবং নাগরিকত্ব ত্যাগে অবৈধ ঘোষিত হয়।

ইতালীতে বসবাসকারী একজন বিদেশী কারতা দি ইদেনতিতার জন্য আবেদন করিতে পারে।

কারতা দি ইদেনতিতার জন্য নিজস্ব এলাকার রেজিষ্ট্রি অফিসে আবেদন করিতে হয়। এর জন্য প্রয়োজন ৩ কপি ছবি, নিজ পরিচয়ের প্রমানপত্র, বৈধ প্যারমেন্সো দি সোজরনো, অথবা নুল্লা অছতা (nulla osta) ও কোয়েছতোরায় প্রথম আবেদনের প্রেক্ষিতে প্রদয়ে রসিদ।



রাজস্ব কোড (কদিসে ফিসকালে)

কদিসে ফিসকালে হইতেছে এমন একটা পরিচয়পত্র যা নাগরিকদের একাধিকভাবে রাজস্ব ও প্রশাসন সংক্রান্ত পরিচয় বহন করে।



কদিসে ফিসকালের জন্য রাজস্ব বিষয়ক এজেনসিতে আবেদন করিতে হয়।

এর জন্য প্রয়োজন প্যারমেসো দি সোজরনো (Permesso di Soggiorno) ও পাসপোর্টের ফটোকপি।

ড্রাইভিং লাইসেন্স

ড্রাইভিং লাইসেন্স হইতেছে এমন
প্রমাণ পত্র যা গাড়ী চালানোর
জন্য অতি প্রয়োজন।



তা তাত্ত্বিক ও ব্যবহারিক পরীক্ষার
পর প্রদান করা হয়।



ড্রাইভিং লাইসেন্স পাওয়ার জন্য পরীক্ষা দুই ভাগে বিভক্ত:

- তাত্ত্বিক পরীক্ষার অন্তর্ভুক্ত হইতেছে গাড়ী চালানো বিষয়ক আচার-আচরন ও রাস্তার নিয়ম কানুন ইত্যাদি।
- ব্যবহারিক পরীক্ষা

তাত্ত্বিক পরীক্ষা ৪০টা প্রশ্নাবলীর অন্তর্ভুক্ত এবং তার উত্তর একাধিক (সত্য অথবা মিথ্যা) সঠিকভাবে ৩৬টা প্রশ্নের উত্তর দিতে হইবে (৪টার বেশী ভুল হইতে পারিবে না)



ড্রাইভিং লাইসেন্স পাওয়ার জন্য আবেদন পত্র মৌটর গাড়ী পরিচালনার অফিসে করিতে হয়।

প্রয়োজন :

- ২ কপি ছবি কার্ড করার জন্য, যার একটা সত্যায়িক হইতে হইবে;
- চিকিৎসকের রাজস্বকর সংক্রান্ত টিকেটযুক্ত সার্টিফিকেট (এবং উক্ত সংক্রান্ত ফটোকপি) ছবিসহ, যা তিন মাসের অধিক সময়ের পূর্ববর্তী নয় এবং তা কোয়ালিফাইড চিকিৎসক দ্বারা স্বীকৃত হইতে হইবে;
- একাউন্ট নম্বর ৯০০১-তে €২৪.০০ ও একাউন্ট নম্বর ৪০২৮-তে €১৪.৬২ প্রদাব করার পর উক্ত প্রদানকৃত রশিদনমূহের সত্যায়ন।
- যারা বিদেশী নাগরিক তাদের ক্ষেত্রে প্যারমেসো দি সোজরনো অথবা নবায়নের জন্য জমাকৃত থাকিলে তার রশিদ অথবা অবস্থানের প্রাথমিক দিনগুলোতে প্রাপ্ত কোন প্রমানপত্র।



নিদর্শ ১১ বসতি-ভাড়া

স্থাবর সম্পত্তিসমূহের ভাড়া / ১ বসতি

বসতি বাড়ীর ভাড়ার জন্য দুই ধরনের নিয়ম:
মুক্ত ভাড়া ও চুক্তি পত্রে আবদ্ধ ভাড়া।



মুক্ত ভাড়া। মুক্ত ভাড়া পদ্ধতিতে বাড়ীর ভাড়া মালিক ও ভাড়াটিয়ার মধ্যে নির্দিষ্ট করা হয়। সর্বনিম্ন অবস্থানের সময় ৪ বছরের জন্য এবং পর্যায়ক্রমে নিজস্ব প্রক্রিয়ায় আরো ৪ বছরের জন্য নবায়ন করা হয় (শুধু মাত্র ব্যতিক্রম যদি বাড়ীর মালিকের বাড়ীর প্রয়োজন হয় এবং তা বিক্রি করার ইচ্ছা প্রকাশ করে.....)

স্থাবর সম্পত্তির ভাড়া / ২

ভাড়ার চুক্তি। মাসিক ভাড়ার মূল্য এলাকাভিত্তিক ভাবে নির্ধারিত হয় এবং চুক্তিসমূহ বাড়ীর মালিক ও ভাড়াটিয়াদের সংস্থাসমূহের মধ্যে সম্পাদিত হইয়া থাকে। উভয়ের জন্য করপ্রদানের ব্যবস্থা রহিয়াছে। চুক্তির সময়সীমা ৩ বছর এবং পরবর্তী আরো ২ বছরের জন্য নবায়ণ করা হয়। শুধুমাত্র ব্যতিক্রম ঘটে যখন ভাড়া বিষয়ক চুক্তির বরখেলাপ হয়।

চুক্তিসমূহ রেভিনিউ অফিসে ৩০দিনের মধ্যে স্বাক্ষরসহ রেজিস্ট্রেশন করা হইয়া থাকে। ভাড়ার বার্ষিক মোট করের ২ শতাংশ মালিক ও ভাড়াটিয়াকে প্রদান করা হইয়া থাকে এবং তা ব্যাংক অথবা পোস্ট অফিসসমূহে F-২৩ নম্বর ফরম পূরনের মাধ্যমে কার্যকরী করা হয়।

AGENZIA DELLE ENTRATE		1. VERSAMENTO DIRETTO AL CONCESSIONARIO DI		Mod. F.23
		PERUGIA		
2. DEBITA (RITROVABILE A)		POSTE ITALIANE		
MODELLO DI PAGAMENTO:		AGIDATI/FIREF:		
TASSE, IMPOSTE, SANZIONI		PONTE S. GIOVANNI		TRIP. PG
E ALTRE ENTRATE		RELAZIONATO ALLA TERZA CONDIZIONE		
3. NUMERO DI RIFORMATO (1)		1,4,6,5,9,4,7, B, X, 6, 3, 9, 0, 2, 2, 4, 5		
DATI ANAGRAFICI				
CODICE, DENOMINAZIONE O RAGIONE SOCIALE		NOME		COGNOME
4. SAVASTANO		LUIGI		0,4,0,6,1,9,6,8
5. SESSO (1) (M) (F)		DATA DI NASCITA (GG/MM/AA)		
M		F, G		S, V, S, L, G, U, 6, 8, F, 0, 4, L, 8, 5, 8, U
6. CODICE, DENOMINAZIONE O RAGIONE SOCIALE		NOME		COGNOME
4. MICHELE		VERDI		0,4,0,1,1,9,7,5
5. SESSO (1) (M) (F)		DATA DI NASCITA (GG/MM/AA)		
M		M, I		V, R, D, M, C, H, 7, 5, A, 0, 5, M, 5, 2, 2, X
DATI DEL VERSAMENTO				
8. UFFICIO DI ENTRATE		7. COD. TEMPORALE (14. CONTENDITO)		9. CAUSALE
8,7,3,2,2		T, E, R, 4		2
10. CODICE TRIBUTO		11. DESCRIZIONE (1)		12. ESTREMI DELL'ARTO O DEL DOCUMENTO
R, P		2, 0, 1, 1, S, 3, - 4, 5, 1, 2		
13. CODICE RIBUTO		14. COD. DESTINATARIO		

স্থাবর সম্পত্তি ক্রয়ের নীতিমালা

- ক্রেতা তার স্থাবর সম্পত্তি ক্রয়ের প্রস্তাব বিক্রেতার নিকট আংশিক প্রদানের নির্দেশসহ উত্থাপন করেন(বায়না)।
- যদি প্রস্তাব গ্রহণযোগ্য হয়, তাহলে প্রাথমিক চুক্তি স্বাক্ষরিত হয় (বিক্রয়ের অঙ্গীকার) এবং ক্রেতা তার বায়নার অর্থ প্রদান করেন।
- প্রকৃত ও আশল দলিল নোটারি পাবলিকের সামনে স্বাক্ষরিত হয় (সার্বজনিন বিষয়ক যা বিক্রয়-চুক্তির বৈধতা স্বীকৃতি প্রদান করে); উক্ত কার্যক্রমকে বলা হয় “নোটারি দলিল”। ক্রেতা নির্ধারিত পরিমাণ অর্থ প্রাথমিক চুক্তিতে প্রদান করে থাকে।
- বাড়ী ক্রয়ে অন্তর্ভুক্ত হয় করপ্রদান।



নিদর্শ ১২

সামাজিক নিরাপত্তা ব্যবস্থা

সামাজিক নিরাপত্তা ব্যবস্থা

পেনশন ব্যবস্থায় আর্থিক পাওনা তাদেরকেই প্রদান করা হয়:

- যিনি তার কর্মক্ষম বয়সের কারণে কাজ থেকে বিরত হয়েছেন(এক্ষেত্রে যদিও আয়কর প্রদানের নির্দিষ্ট সময়সীমা পূর্ণ হয় নি: *বার্ধক্য পেনশন*)
- যিনি তার আয়কর প্রদানের নির্দিষ্ট সময় সীমার উর্ধ্বে চলে যাওয়ার কারণে কাজ থেকে বিরত হয়েছেন: *বয়স্ক পেনশন*



- উপরোল্লিখিত অক্ষমতার কারণে কাজ করার যোগ্য নয়:
অক্ষমতা পেনশন
- পরিবারের কোন উপার্জনক্ষম ব্যক্তির মৃত্যুতে যিনি পরিবারের কর্মক্ষম ব্যক্তি ছিলেন এবং এক্ষেত্রে পেনশনের ব্যবস্থা: *উত্তরজীবীদের জন্য পেনশন*
- যার কোন আয় ছিল না এবং কাজ করার যোগ্য নয়: *সাহায্য পেনশন*

উল্লেখিত পেনশনের পদ্ধতিসমূহের আর্থিক ব্যবস্থাবলী মালিক ও কর্মীদের আয়কর করপোরেশনে প্রদানের মাধ্যমে এই পেনশনের ব্যবস্থা করা হয়।

পেনশনের আর্থিক সাহায্য পরিচালিত হয় I.N.P.S (জাতীয় অর্থ সামাজিক নিরাপত্তা প্রতিষ্ঠান) এবং অন্যান্য পেশাজীবী করপোরেশন দ্বারা।

বার্ধক্যজনিত পেনশনের জন্য প্রয়োজন:

- কর্মজীবনে কমপক্ষে ২০ বছর পর্যন্ত আয়কর প্রদান।
- ১লা জানুয়ারী ২০১৮ সালে কমপক্ষে ৬৬ বছর ৩ মাস হইতে হইবে (পুরুষ ও নারী); স্বশাসিত শ্রমিকের জন্যও একই নিয়ম।



বয়স্কদের পেনশনের জন্য প্রয়োজন:

- জাদের আয়কর জমা দেওয়া শুরু হয়েছে ৩১/১২/১৯৯৫ সালের আগে।
- এক্ষেত্রে মহিলাদের আয়কর জমার ৪১ বছর ৬ মাস এবং পুরুষদের ৪২ বছর ৬ মাস পরিপক্বতা লাভ করেছে।

মোট পারিশ্রমিকের ৩৩% জমা দেওয়া হয়; এর ১/৩ শ্রমিকের ও ২/৩ মালিকের পক্ষ থেকে জমা দেওয়া হয়।



I.N.A.I.L. (ইনাইল)

ইনাইল (I.N.A.I.L) হচ্ছে সামাজিক নিরাপত্তা করপোরেশন: জাতীয় প্রতিষ্ঠান যা কর্মক্ষেত্রে দুর্ঘটনার বিরুদ্ধে কর্মসূচী গ্রহন করে।

নিরাপত্তামূলক ব্যবস্থার দৃষ্টিকোণ হইতে যারা কর্মক্ষেত্রে দুর্ঘটনার শিকার তাদের রক্ষা করে।



প্রতিটি কর্মজীবী ব্যক্তির জন্য বীমা হচ্ছে বাধ্যতামূলক এবং তা কাজের ধরন অনুসারে ভিন্নরূপ হওয়া থাকে: কলকারখানা, হস্তশিল্প, তৃতীয় পর্যায়ভুক্ত, অন্যান্য কর্মকাণ্ড।

বীমার সমস্ত খরচ কাজের মালিকের কাধে ন্যস্ত হয়।

শুধুমাত্র ব্যক্তিক্রম হয় “অধীনস্ত কর্মকর্তার” (কোন প্রকল্পে সহযোগিতার) ক্ষেত্রে যেখানে শ্রমিককে ১/৩ অর্থ প্রদান করিতে হয়।



নিদর্শ ১৩

সরকারী রাজস্বসংক্রান্ত ব্যবস্থা

সরকারী রাজস্ব সংক্রান্ত ব্যবস্থা

সরকার ও স্থানীয় করপোরেশন সমূহ (এলাকা, প্রদেশ, কমুনি) নাগরিকদের স্বার্থে জনকল্যানমূলক প্রয়োজনীয় কার্যক্রমের ব্যবস্থা করে এবং যার মধ্যদিয়ে একটা নির্দিষ্ট কর প্রদান করা হয়।

কর: যদি কেহ কোন ব্যবসায়িক সংক্রান্ত কাজ করতে চায় তাকে কর প্রদান করতে হয়।

উদাহরণস্বরূপ: অস্ত্র বহন, শিকারের লাইসেন্স, জনসাধারণের ভূমি দখল।



আরোপিত কর: উক্ত আরোপিত কর করপ্রদান কারীর সম্পদের পরিমানের উপর আরোপিত হয় যদিও এক্ষেত্রে রাষ্ট্র কর্তৃক কোন কল্যানমূলক কার্যক্রমের কোন ব্যবস্থা না থাকে।

- *প্রত্যক্ষ আরোপিত কর:* উক্ত কর কোন ব্যক্তির সম্পদের সাথে জরিত।

উদাহরণস্বরূপ: IRPEF কর সরাসরি কোন ব্যক্তির বাৎসরিক আয়ের উপর, IRES কর কোন প্রতিষ্ঠানের, INU কর স্থাবর সম্পত্তি ও আবর্জনা পরিষ্কার ইত্যাদির উপর আরোপ করা হয়।

- *পরোক্ষ আরোপিত কর:* এসব কর, শুধুমাত্র যখন কোন সম্পদ হস্তান্তর করা হয়, তখন প্রদান করা হয়।

উদাহরণস্বরূপ: ইভা(IVA), রেজিষ্ট্রি কর ও প্রয়োজনীয় স্ট্যাম্পের মাধ্যমে প্রদান করা হয়।




আয়কর জনকল্যানমূলক কাজ পরিচালনার জন্য
বাধ্যতামূলক:

- *নিরাপত্তামূলক আয়কর*: যা কোন ধরনের জীবনের অক্ষমতা ও দুর্ঘটনামূলক ঘটনায় নিরাপত্তা দান করে।

উদাহরণস্বরূপ: ইন্সস
(INPS), ইনাইল (INAIL)

- *সামাজিক নিরাপত্তা বিষয়ক আয়কর*:
পেনশন বিষয়ক অর্থ লাভের জন্য।

উদাহরণস্বরূপ: ইন্সস (INPS),
ইন্সদাপ (INPDAP)



বার্ষিক আয়ের প্রখ্যাপন (ঘোষণা) হচ্ছে এক ধরনের দলিল বা সনদপত্র যার মাধ্যমে নাগরিক তার বার্ষিক আয় ও আয়কর প্রদানের হিসাব জাতীয় রাজস্ব বিভাগে ঘোষণা করে থাকে।

এই ঘোষণা ৭৩০ নম্বর ফরমপূরণ করে মে মাসের ২ তারিখের মধ্যে কাজের মালিক অথবা কোন CAF অফিসে (রাজস্ব সাহাজ্য কেন্দ্র) জমা দিয়ে থাকে।

The image shows a hand holding a red pen, filling out a tax form titled "MODELLO 730-1bis redditi". The form is for the declaration of income and the choice of the 5% tax credit. The form includes fields for the taxpayer's name, tax code, and the amount of the 5% tax credit. The name "Giovanni Verdi" and the tax code "00652220138" are visible. The form also includes a section for the choice of the 5% tax credit and a section for the declaration of the 5% tax credit.

প্রতি বছর ১৫ই মার্চ মাসের মধ্যে কাজের মালিক তার কর্মচারীকে **CUD** (কর্মীর একমাত্র সার্টিফিকেট) প্রদান করে থাকে যার মধ্যে বিগত বছরের বার্ষিক আয়ের সারমর্ম দেওয়া থাকে।

CUD (কুদ)-কে ৭৩০ নম্বর ফরম এর সাথে সংযোগ করে দিতে হয়।

ফরম এর মধ্যে অন্যান্য বার্ষিক আয়সমূহের কথা উল্লেখ করা থাকে (স্থাবর সম্পত্তি, বিভিন্ন ধরনের লোন ও ব্যক্তিগত আয় ইত্যাদি)।

যেসব ক্ষেত্রে ৭৩০ নম্বর পূরণ করতে হয় না:

-যার বার্ষিক আয় তার নিজস্ব কাজ অথবা পেনশন থেকে হয়।

-শারিরিক অক্ষমতা, বিভিন্ন যুদ্ধ বিগ্রহ ইত্যাদির কারণে পেনশনের প্রাপ্য অর্থ।



পরিচর্যা / আরোপিত কর



উপরোল্লিখিত প্রয়োজনীয় বিষয়সমূহের সরবরাহের জন্য বিভিন্ন করপোরেশনসমূহ নিয়োজিত রয়েছে যারা টেলিফোন অথবা নাগরিক কাউন্টারে উক্ত শক্তি ও দ্রব্যসমূহ সরবরাহের জন্য শর্তাধীন চুক্তি সম্পন্ন করে থাকে।

চুক্তিতে কিভাবে অর্থ প্রদান করতে হবে তা উল্লেখ থাকে।

উপরোল্লিখিত কল্যানমূলক কাজের জন্য যে অর্থ প্রদান করতে হয় তাকে টারিফ বলা হয়। এর এক অংশ করপোরেশন / কেন্দ্রিক কর্তৃপক্ষ ও আর এক অংশ সোচিয়েতা (এসোসিয়েশন), যারা কার্যক্রম পরিচালনা করছে, ধার্য করে থাকেন।



নগর আবর্জনা পরিষ্কার সম্পর্কিত কার্যক্রমের জন্য কর প্রদান করতে হয় এবং ইহা বাধ্যতামূলক স্থাবর সম্পত্তির ক্ষেত্রে।

এক্ষেত্রে উক্ত কার্যক্রম কমুনে (Comuni) দ্বারা পরিচালিত হয়।

এর পরিশোধীয় বিল নির্দিষ্ট সময় অন্তর অন্তর উপস্থিত হয় এবং তা পোষ্ট অফিসের মাধ্যমে পরিশোধ করা হয়।

পরিশোধীয় কার্যক্রম পোষ্ট অফিস ও কিছু নির্দিষ্ট ব্যাংকের মাধ্যমে সম্পন্ন হয়।

নিদর্শ ১৪
একাজ্জীকরণ চুক্তি
কারতা দি সোজরনো

একাক্ষীকরণ চুক্তি

যে সব ইমিগ্রেন্টস ইতালীতে প্রথম বারের মত প্রবেশ করে তাদেরকে একাক্ষীকরণ চুক্তিতে স্বাক্ষর করিতে হয়।

উক্ত কার্যক্রম সম্পাদনের ফলশ্রুতিতে কিছু পয়েন্টের অধিকারী হওয়া যায় :

উদাহরণসরূপ:

- পারিবারিক ডাক্তার বাছাই পয়েন্ট ৪
- ইজারাদার চুক্তি পয়েন্ট ৬
- পৌরনীতি শিক্ষা ১৫
- ইতালীয় ভাষার লেভেল A2 ২৪



উপরোল্লিখিত পয়েন্টসমূহ কোন ধরনের অপরাধী হয়ে জেলে ও ফাইন প্রদান করার ফলশ্রুতিতে কমে আসে।

একত্রিকরণ রীতি / ২

ইতালিতে প্রবেশের আবেদন পত্রে ১৬টি কৃতিত্ব
পয়েন্ট আরোপ করা হয়।


দুই বছরের মধ্যে বিদেশীকে অবশ্যই ৩০টি কৃতিত্ব
দেখতে হয়। ইতালিয় ভাষায় লেভেল **A2** পর্যন্ত দক্ষতা
অর্জন, আইনগত মূল্যায়ন ও ইতালিয় নৈতিকতা
পৃষ্ঠপোষকতা দ্বারা।

যদি ২ বছরের মধ্যে ৩০টি কৃতিত্ব পয়েন্ট অর্জন না
করিতে পারে তাহলে তার কৃতিত্ব শূন্যতা আসে এবং ১
বছরের বাড়তি সময় দেওয়া হয়।



একত্রিকরণ রীতি / ৩

১ বছর নাড়তি সময়ের মধ্যে বিদেশীকে অবশ্যই ৩০টি কৃতিত্ব অর্জন করিতে হইবে। এর মধ্যে ইতালিয় পৌরনীতি শিক্ষা কোর্স ও ভাষাগত লেভেল **A2** পর্যন্ত জ্ঞান অর্জন বাধ্যতামূলক।



পৌরনীতি বিষয়ক শিক্ষা কোর্সে অংশগ্রহণ না করিলে ১৫টি কৃতিত্ব ছাট দেওয়া হয়।

তৃতীয় বছরের মধ্যে ৩০টি কৃতিত্ব অর্জন না করিতে পারিলে ইতালিতে অবস্থানের সনদপত্র নবায়ন করা হয় না এবং এদেশ হইতে বহিস্কৃত করা হয়।

একত্রিকরণ রীতি / ৪

প্রাথমিক ১৬টি কৃতিত্ব পয়েন্টের মধ্যে ১৫টি কৃতিত্ব লাভের জন্য প্রাদেশিক প্রশাসনিক দফতর (Prefettura) কর্তৃক পরিচালিত পৌরনীতি শিক্ষা কোর্সে অংশগ্রহণ যথেষ্ট।



ইতালীয় ভাষায় লেভেল A2 পর্যন্ত ভাল জ্ঞান অর্জন বিষয়ক ২৪টি পয়েন্ট লাভের জন্য ফ্রি ভাষাশিক্ষা স্কুলে ভর্তি হইতে হয় যা স্থায়ী দেশীয় কেন্দ্রগুলো দ্বারা পরিচালিত (CTP) অথবা সেসব সমূহে যা CTP-এর আওতাধীন। ভাষাগত কোর্সের সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হব যা প্যারমেসো দি সোজরনো লাভের জন্য প্রয়োজনীয়।



উক্তকরণ সংশ্লিষ্ট ২টা বিষয়কসমূহ ৩০টি পয়েন্ট লাভের জন্য এবং আবেদনের প্রয়োজনীয়তা পূরণে সর্বসম্মতি ক্রমে সাহায্য করিয়া থাকে।

ইহা আরো সম্ভব পরীক্ষার মাধ্যমে সার্টিফিকেট লাভ- যা পোরিশোদীয়- এবং তা বৈধ প্যারমেসো দি সোজরনো ও অন্যান্য কর্মসূচীসহ বিভিন্ন পেশাগত কোর্সে ভর্তির জন্য।



দীর্ঘ সময়ের জন্য কারতা দি সোজরনো

কোন বিদেশী ইতালিতে ৫ বছরের অধিক সময় ধরে অবস্থান করিতেছে এবং যার বার্ষিক আয় অর্থ সামাজিকনিরাপত্তার দন্ডের সমান (€৫১৪৩) ও যিনি কোন লেন দেনের বোঝাবিহীন তিনি কারতা দি সোজরনের জন্য আবেদন করিতে পারেন:

- নিজের জন্য
- বিবাহিত স্বামী/স্ত্রী যার বয়স ১৮ বছরের উর্ধে
- নিজের অধিন ছেলে মেয়ের জন্য
- নিজের অধিন পিতামাতার জন্য



ইতালীয় ভাষার লেভেল **A2** সম্পন্ন বিষয়ক পত্যয়নপত্র অবশ্যই প্রদর্শন করিতে হইবে যা একত্রিকরণ রীতির একই আনুষ্ঠানিক কার্যক্রমের মাধ্যমে লাভ করা যাইতে পারে।



বিশেষ ফরম পূরণ করে পোস্ট অফিসের মাধ্যমে আবেদন পেশ করা যাইতে পারে।

দীর্ঘ সময়ের জন্য কারতা দি সোজরনো / ৩

ইতালীয় ভাষাগত জ্ঞানের জন্য কোন বিদেশী সরাসরিভাবে প্রাদেশিক প্রশাসনিক দফতরে(Prefettura) ওয়েব-সাইট(website)-এর মাধ্যমে ফ্রি টেস্ট-এর ব্যবস্থাবিষয়ক আবেদন পেশ করিতে পারে।

<http://testitaliano.interno.it>

আবেদনের ৬০ দিনের মধ্যে পরীক্ষার জন্য ডাকা হয়।



ইতালীয় ভাষাগত প্রত্যয়ণপত্র যাদের ক্ষেত্রে প্রয়োজন হয় না: ১) যিনি ইতালিতে তার পড়াশুনা অথবা প্রফেশনাল ট্রেনিং কোর্স সম্পন্ন করিয়াছেন; ২) যিনি তার “বিশেষ যোগ্যতার” কার্যবিবরণী নিয়ে প্রবেশ করিয়াছেন; ৩) যিনি পাবলিক কাঠামোগত স্বাস্থ্যবিষয়ক সার্টিফিকেট সহ প্রবেশ করিয়াছেন এবং শিক্ষার ক্ষেত্রে যোগ্যতা পরিসীমিত (বয়স, রোগ ও শারিরিক অক্ষমতার কারণে)

পারিবারিক পুনঃএকত্রিকরণ

কোন বিদেশী যিনি প্যারমেসো দি সোজরনোর অধিকারী এবং অধীনস্থ অথবা স্বায়ীত্বশাসিত কাজ, অথবা পড়াশুনার ক্ষেত্রে নিযুক্ত, যার মেয়াদ এক বছরের নিচে নয়, অথবা যিনি কারতা দি সোজরনের অধিকারী তিনি তার পরিবারের নিকটতমদের সাথে একত্রিত হইবার জন্য আবেদন করিতে পারেন।



যাদের জন্য আবেদন করা যায়:

-স্বামী / স্ত্রী

-নাবালক ছেলে মেয়েদের জন্য, এমনকি স্বামী / স্ত্রী পূর্বের ঘরে জন্মগ্রহণ করিয়াছে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া ছাড়া, কিন্তু নিয়ম অনুযায়ী তালাক হইয়াছে এরূপ সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য (কিন্তু এক্ষেত্রে পিতা / মাতার অনুমতি লাগে)

-সাবালক সন্তানের জন্য যিনি তার স্বাস্থ্যগত কারণের জন্য নিজস্ব ভরণপোষনে অপারগ

-অধীনস্থ পিতা মাতা যারা তাদের নিজস্ব দেশে উপযুক্ত পারিবারিক ভরণপোষণ হইতে বঞ্চিত।



পারিবারিক পুনঃএকত্রিকরণ / ২

নিয়মাবলী

- আবেদন করার জন্য বিশেষ ফরম পূরণ করিতে হয় এবং এর সাথে পাসপোর্টের ও প্যারমেসো দি সৌজরনের ফটোকপি সহ বাসস্থানের ও বার্ষিক আয়ের আনুসংগিক কাগজপত্র একত্রিত করে স্পরতেল্লো উনিকো (**Sportello Unico**)তে জমা দিতে হয়।



- উক্ত আবেদনকারীর পরিবারকে তার নিজস্ব দেশে অবস্থিত ইতালীয় দূতাবাস অথবা কনসুলেটে প্রয়োজনীয় আনুসংগিক কাগজপত্র নিয়ে উক্ত আবেদনকারীর সাথে তার সম্পর্ক অথবা নাবালক বয়স অথবা তার স্বাস্থ্যগত অবস্থা জানাতে হয়।



- স্পরতেল্লো উনিকো-তে সমস্ত প্রয়োজনীয় আনুসংগিক কাগজপত্র আবেদনসহ পেশ করার স্বপক্ষে রিসিত প্রদান করা হয়। আবেদন গ্রহণের ৯০ দিনের মধ্যে স্পরতেল্লো উনিকোতে কনসুলেট অথবা দূতাবাস হইতে সংগৃহিত সমস্ত তথ্যের ভিত্তিতে নুল্লা-অস্তা (**Nulla Osta**) প্রদান অথবা তা দেওয়া অস্বীকার করা হয়।



পারিবারিক পুনঃএকত্রিকরণ

নিয়মাবলী



• ৯০দিন পর পরিবারটি তার নিজ দেশে অবস্থিত কনসুলেটে আবেদনের রিসিটসহ প্রয়োজনীয় কাগজপত্র স্পরতেল্লো উনিকোতে প্রবেশ ভিসার জন্য পেশ করিতে পারে।



• প্রবেশের ৮ দিনের মধ্যে স্পরতেল্লো উনিকোতে আগমন সম্পর্কে জানাতে হয় এবং সেখান হইতে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করার পর প্যারমেসো দি সোজরনোর জন্য আবেদন করিতে হয়। আবেদনের ফরমটি পূরণ করার পর তা পোষ্ট অফিসের মাধ্যমে প্রেরণ করিতে হয়। এক্ষেত্রে পোষ্ট অফিস রিসিট প্রদান করেন যাতে ২টা ব্যক্তিগত কোড নম্বর (Userid & Password) থাকে এবং সেটা দিয়ে ইন্টারনেটের মাধ্যমে আবেদনের কাগজপত্রের গতিবিধির অবস্থা নির্ণয় করা যাইতে পারে।

পরিবার বিষয়ক প্যারমেসো দি সোজরনো সর্বসম্মতি ভাবে অধীনস্থ অথবা স্বাধীন কর্ম, ভাষা, শিক্ষা কোর্সে ভর্তি ও জাতীয় স্বাস্থ্য বিষয়ক কর্মকাণ্ডে প্রবেশের ভিত্তিতে প্রদান করা হয়।

নিদর্শ ১৫
নাগরিকত্ব

নাগরিকত্ব

লাভ করা হয়:

১) যদি কোন ব্যক্তি একটানা ১০ বছর ইতালিতে অবস্থান করিতেছে ও যথেষ্ট পরিমাণ অর্থনৈতিক সম্পদের অধিকারী এবং অতীতে কোন দণ্ডনীয় অপরাধ করেনি এক্ষেত্রে তিনি নাগরিকত্ব লাভের আবেদন পেশ করার অধিকারী হন।

২) এদেশে জন্মগ্রহণ করিয়াছে বিদেশী পিতা-মাতার সন্তান এবং একটানা ১৮ বছর বয়স পর্যন্ত এদেশে অবস্থান করিতেছে, ১৯ বছর বয়সের মধ্যে নাগরিকত্বের জন্য আবেদন করিতে পারে।

৩) ইতালীয় নাগরিকের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ দ্বারা, ইতালিতে বৈধভাবে দুই বছর অবস্থানের পর অথবা বিবাহের তিন বছর পর যদি তার অবস্থান বিদেশে হয় (এক্ষেত্রে সময় অর্ধেকের কম হয় সন্তানাদির জন্মগ্রহণ সূত্রে অথবা স্বামী/স্ত্রী দ্বারা কোন সন্তান প্রতিপালন ক্ষেত্রে), এবং তা পূর্বপতী অপরাধমুক্ত জীবন-যাপনের শর্তে।





পৌরনীতি শিক্ষা কোর্স ইতালীয় নাগরিক হওয়া জানুয়ারী ২০১৪



স্বচ্ছ সেবামূলক ও প্রাইভেট সামাজিক এ্যাসোসিয়েশনসমূহ যা সি ই এস ভি - এস পি ই এস (CESV-SPES) দ্বারা
পরিপুষ্ট হইয়া থাকে

Via Liberiana, 17 00185 Roma Tel: 06491340

email: scuolemigranti@cesv.org

www.scuolemigranti.it

Stesura curata da: Francesca Abbate, Daniela Bossa, Valentina Casavola, Daniele Diviso, Fiorella Farinelli, Augusto Venanzetti

Progetto grafico: Francesca Abbate

Traduzione dall'italiano a cura di: Islanda Trisha Gomes (ইজলেশা তৃষা গমেজ)

